

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২৭

পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ৩৩. দাডি খিলাল করা সম্পর্কে

بَابِ فِي تَخْلِيلِ اللِّحْيَةِ

## আরবী

أَخْبَرَنَا مَالِكُ بْنُ إِسْمَعِيلَ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ عَامِرِ بْنِ شَقِيقٍ عَنْ شَقِيقِ بْنِ سَلَمَةَ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّاً

إسناده حسن

## বাংলা

৭২৭. শাকীক ইবনু সালামাহ বলেন, আমি উছমান রাদ্বিয়াল্লাহু আনহুকে ওযু করতে দেখেছি। আর তিনি দাড়ি খিলাল করলেন এবং বললেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এভাবে ওযু করতে দেখেছি।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান, আমির ইবনু শাকীক এর কারণে। কিন্তু হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান ১০৮১; মাওয়ারিদুয যাম'আন নং ১৫৪। আরও দেখুন নাইলুল আওতার ১/১৮৪-১৮৬; দিরায়াহ ১/২২-২৪; তালখীসুল হাবীর ১/৮৫-৮৭; নিসবুর রায়াহ ১/২৩। সামনেও এ সম্পর্কিত হাদীস আসছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ শাক্ষীক ইবন সালামা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন